# ঢামেক হাসপাতালের ব্যবস্থাপনা কমিটির সভাপতি মির্জা আব্বাস



মির্জা আব্বাস। ছবি: সংগৃহীত

ঢাকা মেডিক্যাল কলেজ (ঢামেক) হাসপাতালের ব্যবস্থাপনা কমিটির সভাপতি হিসেবে প্রধানমন্ত্রীর রাজনৈতিক উপদেষ্টা ও ঢাকা-৮ আসনের সংসদ সদস্য মির্জা আব্বাসকে মনোনয়ন দেওয়া হয়েছে।

স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের স্বাস্থ্যসেবা বিভাগ থেকে ৩০ জুলাই এ-সংক্রান্ত একটি প্রজ্ঞাপন জারি করা হয়। উপসচিব (সরকারি স্বাস্থ্য ব্যবস্থাপনা-১) কাজী শরীফ উদ্দিন আহমেদের স্বাক্ষরিত চিঠি হাসপাতালের পরিচালক ব্রিগেডিয়ার জেনারেল ডা. মো. আসাদুজ্জামানের কাছে পাঠানো হয়েছে।

প্রজ্ঞাপনে বলা হয়েছে, সরকারি নির্দেশনা অনুযায়ী ঢাকা মেডিক্যাল কলেজ হাসপাতালের হাসপাতাল ব্যবস্থাপনা কমিটির সভাপতি হিসেবে মির্জা আব্বাসকে মনোনয়ন দেওয়া হয়েছে।

প্রসঙ্গত, মির্জা আব্বাস বর্তমানে মালয়েশিয়ার প্রিন্স কোর্ট মেডিক্যাল সেন্টারে চিকিৎসাধীন রয়েছেন। দলীয় সূত্র জানিয়েছে, গুরুতর অসুস্থতার পর তিনি ধীরে ধীরে সুস্থ হয়ে উঠছেন।